Total No. of Printed Pages—7

**HS/XII/A. Sc. Com/B/23**

**2 0 2 3**

**BENGALI**

**( Modern Indian Language )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt all parts of a question together at one place.

১। বন্ধনী থেকে সঠিক শব্দ চয়ন করে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) বঙ্কিমচন্দ্রের মতে লেখার উদ্দেশ্য _____ বুঝান।

( ছাত্রকে / পাঠককে / প্রকাশককে )

(খ) কাব্য, নাটক, উপন্যাস দুই-এক বৎসর ফেলিয়া রাখিয়া _____ করিলে বিশেষ উৎকর্ষ লাভ করে।

( সংশোধন / কাটাকুটি / নকল )

(গ) বলাই তার কাকির কাছে শিমুল গাছের একটা _____ পাঠাতে আবেদন করেছিল।

( পাতা / ফুল / ফোটোগ্রাফ )

(ঘ) চলিয়ে মাঈজি, _____ প্যাসেঞ্জার আ-গিয়া।

( গয়া / বেনারস / পাটনা )

(ঙ) বর্তমানে অবশ্য ইন্টার ক্লাসের নাম বদলাইয়া _____ ক্লাস হইয়াছে।
( ফার্স্ট / সেকেণ্ড / থার্ড )

(চ) ঐ _____ কে বলো না আমার ঐ গাছগুলো যেন না কাটে।
( কাঠুরিয়া / ঘাসিয়াড়া / চাষী )

(ছ) আমার ভাইপো বলাই, তার প্রকৃতিতে _____ মূল সুরগুলোই হয়েছে প্রবল।
( আনন্দের / বিষাদের / গাছপালার )

২। *দু-একটি* শব্দে যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ''যোগাতেন আনি নিত্য ফলমূল সৌমিত্রী।'' এখানে সৌমিত্রী বলতে কাকে বোঝানো হয়েছে?

(খ) ''এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি।''
পংক্তিটি কোন্ কবিতার অংশ?

(গ) ''হিতৈষিণী সীতার পরমা তুমি, সখী।''
এখানে সখীর নাম কী?

(ঘ) ''হাসিতেন প্রভু, বনদেবী বলি মোরে সম্ভাষি কৌতুকে।''
এখানে প্রভু কে?

(ঙ) ''একুশের প্রথম প্রভাতফেরি—অলৌকিক ভোর।''
কোন্ কবিতার অংশ এটি?

(চ) "______ বিষাদ সিন্ধুর স্পন্দে দুলে
দুলে রমজানি সাঁঝে ভাজেন ডালের বড়া।"

( শূন্যস্থান পূর্ণ কর )

(ছ) "ভূধরে সাগরে বিজনে নগরে যখন যেখানে ভ্রমি।"
বিজন শব্দের অর্থ কী?

৩। *দু-একটি* শব্দে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) "আমি মোগলের দাসী কখনই হইব না।" বক্তা কে?

(খ) বিক্রমসিংহ কোন্ রাজ্যের রাজা ছিলেন?

(গ) "বিজয়! এখানে থাকিও—আমি আসিতেছি কোন শব্দ করিও না।" বিজয় কে?

(ঘ) 'রাজসিংহ' গদ্যাংশের তৃতীয় পরিচ্ছদের নাম কী?

(ঙ) মানিকলালের কন্যার বয়স কত ছিল?

৪। যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

(ক) "লোকালয়ে মানুষের মধ্যে আমরা নানা জীবজন্তুর প্রচ্ছন্ন পরিচয় পেয়ে থাকি।" পংক্তিটি কোন্ পাঠের অন্তর্গত? লেখক কে?

(খ) "পায়ে লেগেছে বড্ড বাবা, নামতে পারছি না।" কে, কাকে একথা বলেছেন?

(গ) "গাছটাকে প্রতিদিন দেখাচ্ছে নিতান্ত নির্বোধের মতো।" কোন্ গল্পের অংশ এটি? এখানে কোন্ গাছের কথা বলা হয়েছে?

(ঘ) "আমি ধর্ম বিক্রি করি না।" বক্তা কে? কোন্ গল্পের অংশ এটি?

(ঙ) "টাকার জন্য লিখিবেন না।" প্রাবন্ধিক কেন একথা বলেছেন?

৫। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও : ২×৫=১০

(ক) ‘‘হেরি তব অশ্রু-বারি ইচ্ছি মরিবারে’’
বক্তা কে? অশ্রু শব্দের অর্থ কী?

(খ) ‘‘পুকুরে কলস ভাসে।’’
পংক্তিটি কোন্ কবিতার অংশ? কার লেখা?

(গ) ‘‘পরে মাস-দেড়ে ভিটেমাটি ছেড়ে বাহির হইনু পথে।’’ এখানে কে, কেন পথে বের হল?

(ঘ) ‘‘করুন রক্ষে গরিবের ভিটেখানি।’’
কোন্ কবিতার পংক্তি? কে, কাকে উদ্দেশ্য করে কথাগুলি বলেছিল?

(ঙ) ‘‘তুই মরিতে এত ভীত কেন?’’ কে, কাকে একথা বলেছিল?

(চ) ‘‘আমি তাহাকে রাখিয়া মরিতে পারিতেছি না।’’ বক্তা কে? ‘তাহাকে’ বলতে কার কথা বলা হয়েছে?

(ছ) ‘‘হংসী কী বকের সেবা করে?’’ ‘হংসী’ ও ‘বক’ বলতে কাকে বোঝানো হয়েছে?

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) ‘‘উঠলে তো, এখন বসবে কোথায় বাছা!’’ বক্তা কে? বৃদ্ধা কোথায় উঠেছিলেন? উত্তরে বৃদ্ধা কি বলেছিলেন? ১+১+২=৪

(খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের মতে শ্রেষ্ঠ লেখক কে? লেখকের যশ কিভাবে আসে? ১+৩=৪

(গ) ‘‘ওগো শুনছ, একজন ফোটোগ্রাফওয়ালা ডেকে আনো।’’ বলাই-এর কাকি কেন ফোটোগ্রাফার ডাকার কথা বলেছিল? ৪

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'রাজসিংহ' উপন্যাসের তৃতীয় খণ্ডের প্রথম পরিচ্ছদ ঃ 'বক ও হংসীর কথা'র বিষয়বস্তু আলোচনা কর।

(খ) মানিকলালের চরিত্রের পরিচয় দাও।

(গ) 'রাজসিংহ' উপন্যাসের পাঠ্যাংশ অবলম্বনে রাজসিংহের চরিত্র আলোচনা কর।

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''বাংলা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত চেনা ছবি ;'' 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতাটি কার রচনা? কবিতায় প্রকাশিত কবির চেনা ছবিগুলির সংক্ষিপ্ত বর্ণনা দাও। ২+৮=১০

(খ) ''শুধু বিঘে দুই ছিল মোর ভুঁই''

কোন্ কবিতার অংশ? কবির নাম কী? কবিতাটির বিষয়বস্তু আলোচনা কর। ১+১+৮=১০

(গ) ''কতক্ষণে চক্ষুঃজল মুছি রক্ষোবধূ''

কোন্ কবিতার অংশ? কবির নাম কী? রক্ষোবধূ কে? কবিতাটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখ। ১+১+১+৭=১০

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'বলাই' গল্পে বর্ণিত বলাই চরিত্রে প্রকৃতি-প্রীতির যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে সে সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর।

(খ) 'দুধের দাম' গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর।

(গ) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লেখকদের উদ্দেশ্যে যে নিয়মগুলির কথা বলেছেন তা নিজের ভাষায় লেখ।

১০। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **দুটি**) : ৩×২=৬

অপিনিহিতি ; অভিশ্রুতি ; সমীভবন ; স্বরভক্তি ।

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে, উল্লেখ কর (যে-কোন **একটি**) :

রাইত ; দিশি ; বিলিতি ; উনুন ।

(খ) নীচের পংক্তিটির অলঙ্কার নির্ণয় কর (যে-কোন **একটি**) :

(১) 'হে দারিদ্র, তুমি মোরে করেছ মহান।'

(২) 'ভারত ভারতখ্যাত আপনার গুণে।'

১২। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **দুটি**) : ৩×২=৬

সমাসোক্তি ; উপমা ; অনুপ্রাস ; শ্লেষ ।

১৩। বঙ্গানুবাদ কর (যে-কোন **চারটি**) : ২×৪=৮

(ক) School are fountains of knowledge.

(খ) The teachers are regarded as the backbone of the society.

(গ) They love students as their children.

(ঘ) The teachers always encourage and inspire us to be good and great in life.

(ঙ) Every teacher helps their students how to respect elders.

(চ) They build the future citizens of country.

১৪। নীচের অনুচ্ছেদটির সারাংশ লেখ : ৮

''বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখতাপে ব্যথিত চিতে নাই-বা দিলে সান্ত্বনা,
দুঃখ যেন করিতে পারি জয়।
সহায় মোর না যদি জুটে নিজের বল না যেন টুটে
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা
নিজের মনে না যেন মানি ক্ষয়।''

১৫। নীচের যে-কোন **একটি** বিষয় অবলম্বনে একটি রচনা লেখ : ১০

(ক) 'মেঘালয়ের প্রাকৃতিক সম্পদ'

(খ) 'তোমার প্রিয় কবি'

(গ) 'পরিবেশ দূষণ ও তার প্রতিকার'

(ঘ) 'মোবাইল ফোন ব্যবহারের উপকারিতা ও অপকারিতা'

★★★